| “উন্নয়নের ভ্যাট নীতি ভ্যাট দিয়ে গড়ব জাতি” |
|---|

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ঢাকা (দক্ষিণ), ঢাকা
আইডিইবি ভবন (৪র্থ ও ৫ম তলা) ১৬০/এ,
কাকরাইল, ঢাকা- ১০০০।
[Web:www.cevdsc.gov.bd]
[E-mail:cevdhksouth@yahoo.com]

| রেজিঃ ডাকযোগে/বাহক মারফত/ই-মেইল যোগে |
|---|

স্মারক নং- ৪(৬)২৬-বাস্তঃ/বাটারফ্লাই ম্যানু: কোং লি:/মূসক অব্যাহতি/২০২৪/ তারিখ: /০৮/২০২৫ খ্রি.

**বিষয়: অভ্যন্তরীণ সম্পদ বিভাগের এস.আর.ও. নং- ১৯১-আইন/২০১৯/৪৮-মূসক, তারিখ: ১৩/০৬/২০১৯ খ্রি. এর মাধ্যমে যোগানদার (পেট্রোলিয়াম জাতীয় দ্রব্যাদি ব্যতীত) এবং বিদ্যুৎ বিতরণকারী সেবার উপর প্রযোজ্য মূসক অব্যাহতির আদেশ প্রদান।**

সূত্র: ১। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের এস.আর.ও. নং-১৯১-আইন/২০১৯/ ৪৮-মূসক, তারিখ: ১৩/০৬/২০১৯ খ্রি.।
২। প্রতিষ্ঠানের আবেদন নং-নাই, তারিখ: ১৬/১০/২০২৪ খ্রি.।
৩। এ দপ্তরের সমনথির পত্র ইস্যু নং-১১৫, তারিখ: ২৪/০৩/২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি আপনার দৃষ্টি আর্কষণ করা হলো।

০২। বাটারফ্লাই ম্যানুফ্যাকচারিং কোং লিঃ (বিআইএন- ০০০৯২৮৫৩৬-০২০২), ৭১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০, কারখানার ঠিকানা: কাঠাঁলি, মল্লিক বাড়ির মোড়, ভালুকা, ময়মনসিংহ নামীয় প্রতিষ্ঠানটিকে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর স্মারক নং-৫৬.০০.০০০০.০৫৬.৩২.০০৮.২১.৮১, তারিখ: ২৫/০৬/২০২৪ খ্রি. এর মাধ্যমে “বেসরকারি হাই-টেক পার্ক” হিসেবে ঘোষণা করা হয়। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের এস.আর.ও. নং-১৯১-আইন/২০১৯/৪৮-মূসক, তারিখ: ১৩/০৬/২০১৯ খ্রি. এর মাধ্যমে বাংলাদেশ হাইটেক পার্কে বিনিয়োগকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে যোগানদার (পেট্রোলিয়াম জাতীয় দ্রব্যাদি ব্যতীত) এবং বিদ্যুৎ বিতরণকারী সেবার উপর মূসক অব্যাহতি প্রদান করা হয়। সূত্রোক্ত ০২ নং পত্রের মাধ্যমে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ আলোচ্য এস.আর.ও. মোতাবেক মূসক অব্যাহতির আদেশ প্রাপ্তির জন্য এ দপ্তরে আবেদন করেছেন। উক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শনপূর্বক মতামত সম্বলিত প্রতিবেদন দাখিলের জন্য সূত্রোক্ত ০২ নং পত্রের মাধ্যমে একটি কমিটি গঠন করা হয়।

০৩। গঠিত কমিটির সদস্যগণ আলোচ্য প্রতিষ্ঠানে সরেজমিন পরিদর্শন করে একটি প্রতিবেদন দাখিল করেছেন। দাখিলকৃত প্রতিবেদনে, আলোচ্য এস. আর. ও. মোতাবেক যোগানদার (পেট্রোলিয়াম জাতীয় দ্রব্যাদি ব্যতীত) এবং বিদ্যুৎ বিতরণকারী সেবার উপর মূসক অব্যাহতির আদেশ প্রদান করা যেতে মর্মে সুপারিশ করেন। এমতাবস্থায়, বাটারফ্লাই ম্যানুফ্যাকচারিং কোং লিঃ (বি আই এন- ০০০৯২৮৫৩৬-০২০২), ৭১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নোক্ত টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি প্রদান করা হলো।

টেবিল-১

| শিরোনামা সংখ্যা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | সেবার নাম | মিটার নম্বর | গ্রাহক সংকেত নম্বর | মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতির হার |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| এস০৫৭ | এস০৫৭.০০ | বিদ্যুৎ বিতরণকারী | ১৭৪০১২৩২ | ১০৫৩০১৮৫১২৯৫০ | ১০০% |
| এস০৫৭ | এস০৫৭.০০ | বিদ্যুৎ বিতরণকারী | ১৭৪০১০৪১ | ১০৫৩০১৮৫১২৯০০ | ১০০% |

টেবিল-২

| শিরোনামা সংখ্যা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | সেবার নাম | মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতির হার |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৬) |
| এস০৩৭ | এস০৩৭.০০ | যোগানদার (পেট্রোলিয়াম জাতীয় দ্রব্যাদি ব্যতীত) | ১০০% |

০৪। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের এস.আর.ও. নং-১৯১-আইন/২০১৯/৪৮-মূসক, তারিখ: ১৩/০৬/২০১৯ খ্রি. এর আলোকে এ আদেশ জারি করা হলো। জারিকৃত এ আদেশ আগষ্ট, ২০২৫ খ্রি. মাসের বিল হতে কার্যকর হবে এবং বিদ্যুৎ সরবরাহকারী মিটার অপরিবর্তিত থাকা পর্যন্ত বলবৎ থাকবে। টেবিলে বর্ণিত মিটার কোন কারণে পরিবর্তীত হলে সাথে সাথে তা এ দপ্তরকে অবহিত করতে হবে।

[ সাদিয়া আফরোজ ]
যুগ্ম কমিশনার
কমিশনারের পক্ষে

স্মারক নং- ৪(৬)২৬-বাস্তঃ/বাটারফ্লাই ম্যানু: কোং লি:/মূসক অব্যাহতি/২০২৪/৪৭১(১-৯) তারিখ: ২১/০৮/২০২৫ খ্রি.

**অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ৩২, তোপখানা রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।
২। সদস্য (বিতরণ ও পরিচালন), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
৩। দ্বিতীয় সচিব (মূসক পরিঃ ও প্রর্ত্যপন), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, ঢাকা।
৪। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, মতিঝিল বিভাগ, ঢাকা।
৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ, বিদ্যুৎ ভবন, ১ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
৬। জেনারেল ম্যানেজার, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২, কাঠালী, ভালুকা ময়মনসিংহ।
৭। সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (দক্ষিণ), ঢাকা (তাঁকে আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৮। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, আরামবাগ সার্কেল, ঢাকা।
৯। ব্যবস্থাপনা পরিচালক, বাটারফ্লাই ম্যানুফ্যাকচারিং কোং লিঃ (বিআইএন- ০০০৯২৮৫৩৬-০২০২), ৭১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০.

21.08.25

[ সাদিয়া আফরোজ ]
যুগ্ম কমিশনার